

ঢাকা রপ্তানী প্রক্রিয়াকরণ এলাকা

গণকবাড়ী, সাভার, ঢাকা

নং-বেপজা/ঢাকা ইপিজেড/প্রকৌশল/৫৯

তাং-১৫/১০/২০০৮ইং

নিলাম বিজ্ঞপ্তি

ঢাকা ইপিজেডের মূল জোনের প্লট নং- ১০৪ এ অবস্থিত Garrage & Equipment store ভবনটি যেখানে যে অবস্থায় আছে সে অবস্থায় (একতলা পাকা ভবন ৩৬৫ বর্গমিটার কম-বেশী) নিলামের মাধ্যমে সর্বোচ্চ দরদাতার নিকট বিক্রয়ের উদ্দেশ্যে আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট হতে সীলমোহরকৃত দরপত্র আহ্বান করা যাচ্ছে। উক্ত ভবনটি অফিস চলাকালীন সময়ে নিলাম ডাকের পূর্ব পর্যন্ত সরেজমিনে পরিদর্শন করা যাবে।

নিলামের শর্তাবলী:

- ১) নিলাম দলিল আগামী ০৯/১১/২০০৮ইং তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে ঢাকা ইপিজেড/বেপজা নির্বাহী দপ্তরের হিসাব বিভাগ থেকে ৫০০/- (পাঁচশত) টাকা নগদ/পে-অর্ডারের মাধ্যমে পরিশোধ করে সংগ্রহ করা যাবে।
- ২) দরপত্রের সাথে উদ্ধৃত দরের ২৫% অর্থ যে কোন সিডিউল ব্যাংক থেকে জামানত হিসেবে বেপজার অনুকূলে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এর মাধ্যমে সংযুক্ত করতে হবে। জামানত ব্যতীত দরপত্র তাৎক্ষণিকভাবে বাতিল করা হবে।
- ৩) গৃহীত নিলাম দাতা কর্তৃক নিলামে প্রাপ্ত মূল্য বেপজার অনুমোদন প্রাপ্তির পর অত্র দপ্তর হতে পত্র জারীর ৫ (পাঁচ)টি কার্যদিবসের মধ্যে অবশিষ্ট ৭৫% অর্থ সহ সরকারী বিধি অনুযায়ী উদ্ধৃত মূল্যের ১.৫% ভ্যাট ও ৫% আয়কর বাবদ অর্থ পে-অর্ডার/ডিডি এর মাধ্যমে বেপজার অনুকূলে জমা প্রদান করতে হবে।
- ৪) ঢাকা ইপিজেডের মহাব্যবস্থাপকের অফিসে এবং বেপজা নির্বাহী দপ্তর, বাড়ী নং-১৯ ডি, রোড নং-০৬, ধানমন্ডি আ/এ, ঢাকা-১২০৫ এ রক্ষিত দরপত্র বাস্তবে সীলমোহরকৃত খামে দরপত্র আগামী ১০/১১/২০০৮ইং বেলা ১১.০০ ঘটিকার মধ্যে দাখিল করতে হবে। প্রাপ্ত দরপত্র সমূহ দরপত্র কমিটি সম্মুখে উপস্থিত দরদাতাদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) মহাব্যবস্থাপক, ঢাকা ইপিজেড এর অফিস কক্ষে আগামী ১১/১১/২০০৮ইং তারিখে বেলা ১১.০০ ঘটিকার সময় খোলা হবে।
- ৫) নিলামে অর্ন্তভুক্ত ভবনের মালামাল ব্যতীত অন্য কোন মালামাল নেয়া যাবে না। তথাপি অন্য মালামাল নেয়ার কোন প্রমাণ পাওয়া গেলে কর্তৃপক্ষের সিদ্ধান্ত অনুযায়ী নিরাপত্তা জামানত থেকে অর্থ কর্তন করা হবে।
- ৬) বিক্রয়ের জন্য নির্ধারিত ভবনটি নিজ খরচে ২০(বিশ) দিনের মধ্যে ভেংগে সমস্ত মালামাল জোন এলাকার বাহিরে নিয়ে যেতে হবে। উক্ত সময়সীমার মধ্যে মালামাল অপসারণে ব্যর্থ হলে নিরাপত্তা জামানত বাজেয়াপ্ত করা যেতে পারে।
- ৭) আগ্রহী ক্রেতাগণ অফিস চলাকালীন সময়ে নির্বাহী প্রকৌশলী (পুর), ঢাকা ইপিজেডের সাথে যোগাযোগের মাধ্যমে বিস্তারিত তথ্য জানা সহ সরেজমিনে ভবনটি পরিদর্শন করতে পারবেন।
- ৮) কর্তৃপক্ষ কোন প্রকার কারণ প্রদর্শন ব্যতীত যে কোন দরপত্র গ্রহন অথবা সকল দরপত্র বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

(মোঃ জিল্লুর রহমান)
প্রকল্প প্রকৌশলী (ভারপ্রাপ্ত)
ঢাকা ইপিজেড